



# BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/১১৮৭

তারিখঃ ২৪/১২/২০১৩ ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫০৪ তম কমিশন সভা অদ্য ২৪/১২/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. Hwa Well Textiles (BD) Limited এর ১০ টাকা মূল্যমানের ২ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ২০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে ম্যাশিনারিজ ক্রয়, জমি ক্রয় ও ভূমি উন্নয়ন, নতুন ফ্যাক্টরী বিল্ডিং নির্মাণ, বর্তমান ম্যাশিনারিজ পরিবর্তন এবং প্রাথমিক গণ প্রস্তাব এর খরচ খাতে ব্যয় করবে। Hwa Well Textiles (BD) Limited এর ৩০শে জুন ২০১৩ সালের সমাপ্ত বৎসরের আর্থিক প্রতিবেদন অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ৩.৬৬ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ২৮.২৫ টাকা। উল্লেখ্য, Alpha Capital Management Limited এবং Citizen Securities & Investment Limited, Hwa Well Textiles (BD) Limited এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে।
২. এছাড়াও কমিশন আজকের সভায় Premier Bank Limited এর ২০০ কোটি টাকার Non-convertible Variable Coupon Rate Bond এর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ইস্যুর তারিখ থেকে ২ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible Variable Coupon Rate Bond যার কুপন হার হচ্ছে বার্ষিক ১১.৫% এবং পরবর্তী তিন বৎসরের জন্য নবায়নযোগ্য। নবায়নের ক্ষেত্রে কুপন হার হবে পরিবর্তনশীল (variable)। ব্যাংকের বর্তমান শেয়ার হোল্ডারগণ ব্যতিত প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে এই বন্ডটি বিক্রয় করে পুঁজি উত্তোলন করা যাবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে পুঁজি উত্তোলন করে Premier Bank Limited ব্যাসেল টু এর শর্ত পূরণ তথা মূলধন পর্যাপ্ততা অনুপাত (capital adequacy ratio) সংরক্ষণ করবে। Premier Bank Limited, Non-convertible Variable Coupon Rate Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১ কোটি টাকা। এই বন্ডের Financial Advisor and Sole Lead Arranger এবং Trustee হিসাবে কাজ করছে যথাক্রমে RACE Portfolio and Issue Management Limited ও Investment Corporation of Bangladesh।
৩. ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর আবেদনের প্রেক্ষিতে কমিশন আজকের সভায় আইসিবি পরিচালিত ৮টি মিউচুয়াল ফান্ড (অর্থাৎ প্রথম-অষ্টম আইসিবি মিউচুয়াল ফান্ড) এর অবসায়ন অথবা রূপান্তরের মেয়াদ আরও ১ (এক) বৎসর অবধি অর্থাৎ আগামী ৩১ ডিসেম্বর, ২০১৪ তারিখ পর্যন্ত বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করেছে।

  
২৪/১২/২০১৩  
মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র